গাংনীর বামন্দীতে রমজানের তাৎপর্য নিয়ে আলোচনা ও ইফতার মাহফিল

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়ন বিএনপির সভাপতি ও বিশ্বাস পরিবারের উদ্যোগে পবিত্র মাহে রমজানের তাৎপর্য শীর্ষক আলোচনা ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে বামন্দী ইউনিয়ন বিএনপির সভাপতি রাশিদুল ইসলাম সোহাগের পারিবারিক চত্বরে ইফতারপূর্ব আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন রাশিদুল ইসলাম সোহাগ। প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, গাংনী উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু, সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, গাংনী পৌর বিএনপির সভাপতি মকবুল হোসেন মেঘলা, মেহেরপুর জেলা জাসাসের সভাপতি বাকা বিল্লাহ, গাংনী উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দাল হক এবং জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব।

ইফতার মাহফিলে বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ, শিক্ষক, ব্যবসায়ী, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণি-পেশার পাঁচ শতাধিক মানুষ অংশ নেন।

উল্লেখ্য, বামন্দী বিশ্বাস পরিবারের পক্ষ থেকে প্রতিবছরই এই ইফতার মাহফিলের আয়োজন করা হয়ে থাকে।

রমজান উপলক্ষে আলমডাঙ্গায়

জামায়াতের স্বাগত র্যালি

আলমডাঙ্গায় পবিত্র মাহে রমজান উপলক্ষে বাংলাদেশ জামায়াতে ইসলামী- র উদ্যোগে স্বাগত র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বুধবার বাদ আসর র্যালিটি আলমডাঙ্গা মডেল মসজিদ থেকে বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে আলমডাঙ্গা হাইরোডের আলতায়েবা মোড়ে সতর্কতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় বক্তারা পবিত্র মাহে রমজান উপলক্ষে সাধারণ মানুষকে সচেতন হওয়ার এবং মাসটির পবিত্রতা বজায় রাখার আহ্বান জানান। উপস্থিত সাংবাদিকদের উদ্দেশে তারা বলেন, যেখানে অনিয়ম বা অশ্লীলতা দেখা যাবে, সেসব ঘটনা নির্দ্বিধায় তুলে ধরতে হবে। একই সঙ্গে প্রশাসনকে যথাযথ আইনি পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

বক্তারা শহর থেকে গ্রামাঞ্চল পর্যন্ত পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা এবং খাবারের দোকানগুলোকে রমজানের বিধিনিষেধ মেনে পরিচালনার আহ্বান জানান। উন্মুক্ত স্থানে ধূমপান বা প্রকাশ্যে খাদ্য গ্রহণ থেকে বিরত থাকারও পরামর্শ দেওয়া হয়।

আলমডাঙ্গা জামায়াতের সেক্রেটারি মামুন রেজার উপস্থাপনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা শূরা সদস্য ও যুব বিভাগের সভাপতি নুর মোহাম্মদ টিপু, জেলা আইনবিষয়ক সম্পাদক দারুসসালাম এবং আলমডাঙ্গা উপজেলা জামায়াতের আমির শফিউল আলম বকুল প্রমুখ।

রমজান উপলক্ষে মেহেরপুরে বর্ণাঢ্য র্যালি

১৪৪৭ হিজরি সনের পবিত্র রমজান উপলক্ষে মেহেরপুরে বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়েছে। আজ বুধবার (১৮ ফেব্রুয়ারি) সকাল ১০টা জেলা প্রশাসন ও ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে এ র্যালি অনুষ্ঠিত হয়।

র্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে সচেতনতামূলক বার্তা প্রদান করে। মাহে রমজানের পবিত্রতা রক্ষা, নৈতিকতা চর্চা এবং সংযমের শিক্ষা সমাজে ছড়িয়ে দেওয়ার আহ্বান জানানো হয়।

র্যালিতে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির, পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, জেলা নির্বাচন অফিসার মো. এনামুল হক এবং ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুল মুনীরসহ প্রশাসনের অন্যান্য কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

রমজান সামনে রেখে মেহেরপুরে জমে উঠেছে খেজুরের বাজার

পবিত্র মাহে রমজান শুরু হতে আর একদিন বাকি। রোজাকে ঘিরে মেহেরপুর, গাংনী ও মুজিবনগরের বিভিন্ন ফলের দোকানে বেড়েছে খেজুরের চাহিদা। ইফতারের প্রধান অনুষঙ্গ হওয়ায় বাজারে এখন সবচেয়ে বেশি ভিড় খেজুরের দোকানগুলোতেই।

বাজার ঘুরে দেখা যায়, প্রকার ও মানভেদে বিভিন্ন দামে বিক্রি হচ্ছে নানা জাতের খেজুর। বর্তমান বাজারদর অনুযায়ী বিভিন্ন মান ও প্রকারভেদে লুলু/বরই ৫০০ টাকা, মেডজুল ১,০০০ থেকে ১,৪০০-২,২০০ টাকা, মরিয়ম ১,২০০, আজওয়া ১,২০০, মাবরুম ১,২০০, মাশরুখ ৫০০, মাশরুম ১০০, দাবাশ ৫০০, খালাস ৩৫০, জিহাদি ৩০০, বারারি ৪৫০, ফরিদা ৫০০, আদম ১,২০০ ও রেজিজ ৩৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

বাজারের এক খেজুর বিক্রেতা আলী জানান, রমজান এলেই খেজুরের চাহিদা কয়েকগুণ বেড়ে যায়। আমরা চেষ্টা করছি ভালো মানের খেজুর সংগ্রহ করে ক্রেতাদের হাতে তুলে দিতে। কিছু আমদানিকৃত খেজুরের দাম বেশি হলেও স্থানীয় ও সাধারণ মানের খেজুর সাশ্রয়ী দামে রয়েছে।

অন্য এক দোকানি বলেন, মেডজুল ও আজওয়া খেজুরের চাহিদা সবচেয়ে বেশি। অনেকে আগেভাগেই কিনে রাখছেন যাতে রমজানে সংকট না হয়।

খেজুর কিনতে আসা বামন পাড়ার ফখরুল ক্রেতা জানান, রমজানে

প্রতিদিন ইফতারে খেজুর লাগে। দাম কিছুটা বেশি মনে হলেও ধর্মীয় গুরুত্বের কারণে আমরা ভালো মানের খেজুরই কেনার চেষ্টা করি।

রমজানকে কেন্দ্র করে ইতোমধ্যেই মেহেরপুরের বাজারে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। ইফতারের প্রস্তুতিতে ব্যস্ত সময় পার করছেন ক্রেতা-বিক্রেতারা।

রমজান উপলক্ষে মেহেরপুরে নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণে বিশেষ সভা

পবিত্র রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখার লক্ষ্যে বিশেষ সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে।

সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ড. সৈয়দ এনামুল কবির। সভায় উপস্থিত ছিলেন জেলার সিভিল সার্জন, উপজেলা নির্বাহী অফিসারগণ, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা এবং জেলার বাজার কমিটির সভাপতি ও ব্যবসায়ী সমিতির সভাপতিগণ।

সভায় রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ স্বাভাবিক রাখা, বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করা এবং ভোক্তাদের স্বার্থ সুরক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। জেলা প্রশাসক বাজারে অস্থিতিশীলতা ও কৃত্রিম সংকট রোধে সংশ্লিষ্টদের সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন।

একই দিনে জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেটের সভাপতিত্বে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় কৃষকদের নিকট মানসম্মত সার ও বীজ সরবরাহ নিশ্চিতকরণ এবং বাজারে কৃত্রিম সংকট প্রতিরোধে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়া হয়।

এছাড়াও ভোক্তা অধিকার সংরক্ষণ সংক্রান্ত সভা, জেলা এনজিও সমন্বয়

সভা এবং টিসিবি’র জেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

সংশ্লিষ্ট সকল সভায় জেলা প্রশাসনের সার্বিক তদারকি ও সমন্বয়ের মাধ্যমে জনস্বার্থ সংশ্লিষ্ট কার্যক্রম আরও বেগবান করার বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, রমজান মাসে নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল রাখা ও কৃষি উপকরণের সুষ্ঠু সরবরাহ নিশ্চিত করতে নিয়মিত বাজার তদারকি কার্যক্রম অব্যাহত থাকবে।

রমজানে মাসব্যাপী জাহেদী ফাউন্ডেশনের খাদ্যসামগ্রী বিতরণ শুরু

ঝিনাইদহের জাহেদী ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র রমজান উপলক্ষে মাসব্যাপী খাদ্যসামগ্রী বিতরণ শুরু হয়েছে।

মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি) বিকালে প্রতি বছরের ন্যায় এবারও সমাজের দারিদ্র্য বিমোচন এবং পবিত্র রমজানের আনন্দ ভাগাভাগি করার লক্ষ্যে জাহেদী ফাউন্ডেশনের উদ্যোগে এ কর্মসূচির উদ্বোধন করা হয়।

বিগত ১৭ বছর ধরে চলমান এ কর্মসূচির মাধ্যমে সমাজের দুঃস্থ ও অসচ্ছল পরিবারের মাঝে রমজান মাসব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে। প্রতিটি দরিদ্র পরিবারকে ১০ কেজি চাল, ১ কেজি ডাল, ১ কেজি সয়াবিন তেল এবং ১ প্যাকেট সেমাই প্রদান করা হবে।

ঝিনাইদহ পৌরসভায় অবস্থিত কিংশুক ইটভাটা প্রাঙ্গণে কর্মসূচির উদ্বোধন করেন জাহেদী ফাউন্ডেশনের নির্বাহী সদস্য এম এ লতিফ শাহরিয়ার জাহেদী। প্রথম ধাপে মঙ্গলবার প্রায় ৫,০০০ পরিবারের মাঝে খাদ্য সহায়তা সামগ্রী বিতরণ করা হয়েছে।

পর্যায়ক্রমে ঝিনাইদহসহ সারাদেশব্যাপী প্রায় ৬০,০০০ অসচ্ছল

পরিবারের মাঝে এ খাদ্য সহায়তা সামগ্রী পৌঁছে দেওয়া হবে।

মেহেরপুরে পবিত্র মাহে রমজান উপলক্ষে বর্ণাঢ্য র্যালি

মেহেরপুরে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র মাহে রমজান উপলক্ষে বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১ মার্চ) সকাল ১০টার দিকে মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের কার্যালয় থেকে একটি র্যালি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়।

মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ. জে. এম. সিরাজুম মুনীরের নেতৃত্বে এ র্যালি অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম।

অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার আমানউল্লাহ, ফিল্ড সুপারভাইজার তৌহিদুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেনার হাফেজ মাওলানা আব্দুল হামিদ, জেলা মডেল মসজিদের ইমাম মাওলানা মো. সাদিকুর রহমান, মাওলানা হাফিজুর রহমান, তরিকুল ইসলাম, খলিলুর রহমান, সজল, আব্দুল হামিদ, হাফেজ আব্দুল হাশেম, নাজমুল ইসলামসহ মুসল্লিরা।

ঝিনাইদহে রমজানে নিত্যপণ্যের

দাম স্বাভাবিক রাখতে লিফলেট বিতরণ

আসন্ন রমজানে অতি মুনাফা, কৃত্রিম সংকট তৈরি না করাসহ নিত্যপণ্যের মূল্য স্বাভাবিক রাখতে ঝিনাইদহে লিফলেট বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার (২৭ ফেব্রুয়ারি) সকাল ১০ টার দিকে জেলা দোকান মালিক সমিতি, পরিবেশক সমিতি ও চেম্বার অব কর্মাসের পক্ষ থেকে লিফলেট বিতরণ করা হয়।

সকালে শহরের নতুন হাটখোলা, পুরানো হাটখোলা, ট বাজার, আরাপপুর, হামদহসহ বিভিন্ন এলাকায় ব্যবসায়ীদের মাঝে লিফলেট বিতরণ করেন ব্যবসায়ী নেতারা। এছাড়াও মূল্য তালিকা প্রদর্শণ, অতিরিক্ত মুনাফা না করতেও ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানান তারা। ব্যবসায়ীরা এ নির্দেশনা না মানলে ভ্রাম্যমাণ আদালত কোনো আইনগত ব্যবস্থা নিলে ব্যবসায়ী সংগঠন তার দায়ভার নেবে না বলেও হুঁশিয়ারি দেন তারা।

কর্মসূচিতে চেম্বার অব কর্মাসের সভাপতি মোয়াজ্জেম হোসেন, দোকান মালিক সমিতির সভাপতি আনোয়ারুল ইসলাম বাদশা, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান খান মিঠু, পরিবেশক সমিতির সভাপতি আহসান হাবীব রনক, সাধারণ সম্পাদক সুশীল সরকারসহ ব্যবসায়ী নেতারা উপস্থিত ছিলেন।